



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশবো/বি/২৪২(খ)/ঢাকা/দঃ/ ২৩৫

তারিখ: ০৭/০২/২০২৬

বিষয় : কারণ দর্শনের জবাব প্রদান প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা-এর তদন্ত প্রতিবেদন যার স্মারক: ০৫.৪১.২৬১৪.০০০.১৮.০১৮.২২.৪১(অং),
তারিখ: ০৫ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন খাগাইল উচ্চ বিদ্যালয়ের
আয় ও ব্যয়ের হিসাবে সূত্রোক্ত তদন্ত প্রতিবেদনে বিভিন্ন অনিয়ম ও স্বচ্ছতার অভাব প্রকাশ পায়। প্রতিবেদনে উল্লেখ
রয়েছে যে, “প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে উপ-কমিটি, টেক্নোলজি এবং আন্তর্জাতিক কাজে উপ-কমিটি
কর্তৃক অডিট না হওয়ায় ব্যয়সমূহ বিধি সম্মত হয়নি। এ ছাড়া কিছু কিছু ব্যয়ের ভাউচারে সভাপতির
স্বাক্ষর/কমিটির অনুমোদন না থাকা এবং ব্যাংকের মাধ্যমে লেনদেন না হওয়া যা তছরপের সামিল।”

এমতাবস্থায়, কেন অত্র বিদ্যালয়ের পাঠদানের অনুমতি বাতিল এবং আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ
করা হবে না, স্মারক ইস্যুর তারিখ হতে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপর্যুক্ত প্রমাণকসহ জবাব দেওয়ার জন্য অনুরোধ
করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক
খাগাইল উচ্চ বিদ্যালয়
পো: বেরশ, উপজেলা: ধামরাই
জেলা: ঢাকা।

মেমো নং- ২৩৫ (৭)

তারিখ: ০৭/০২/২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।
- ৪। সভাপতি, খাগাইল উচ্চ বিদ্যালয়, বেরশ, ধামরাই, ঢাকা।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

০৭/০২/২০২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

০৭/০২/২০২৬